

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

সূরা ফাতিহা

হযরত আবু হুরায়রা (রা:) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল (স:) বলেছেন:

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ أُمَّ الْقُرْآنِ وَأُمَّ الْكِتَابِ وَالسَّبْعِ الْمَثَانِي
(আত তিরমিযী সহীহ) وَالْقُرْآنِ الْعَظِيمِ

সমস্ত প্রশংসা আল্লাহর যিনি বিশ্বজাহানের রব. কুরআনের মতা। এবং কিতাবের মতা। এবং বারবার
উল্লেখিত সাত আয়াত। এবং মহান কুরআন।

এই সূরাকে "আল হামদ" ও "আস সালাহ" ও বলা হয়।

নিচের হাদিসটি মুসলিম শরীফের হাদীস রাসূল (স:) বলেছেন, আবু হুরায়রা বর্ণনা করেছেন,

আল্লাহ বলেন:

قَسَمْتُ الصَّلَاةَ بَيْنِي وَبَيْنَ عَبْدِي نِصْفَيْنِ

ফাতিহা (দোয়া) দু'ভাগে বিভক্ত আমার ও আমার বান্দাদের মধ্যে।

فَإِذَا قَالَ الْعَبْدُ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ قَالَ اللَّهُ حَمْدَ نِي عَبْدِي

যখন আমার বান্দাহ বলে, আলহামদুলিল্লাহ রাবিবল আলামিন, সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি বিশ্বজাহানের
রব। তখন আল্লাহ বলেন, আমার বান্দাহ আমার প্রশংসা করেছে।

যখন বান্দাহ বলে **الرحمن الرحيم** আর রহমানির রহিম পরম দয়ালু পরম করুণাময় ।

তখন আল্লাহ বলেন:

قَالَ اللَّهُ أَشْنَى عَلَيَّ عَبْدِي

আমার বান্দাহ আমাকে মহিমাগ্নিত করেছে ।

যখন বান্দাহ বলে **مَلِكِ يَوْمِ الدِّينِ** বিচার দিনের মালিক ।

قَالَ اللَّهُ مَجْدَ نِي عَبْدِي وَقَالَ مَرَّةً فَوْضَ إِلَيَّ عَبْدِي

তখন আল্লাহ বলেন, আমার বান্দাহ আমার সুখ্যাতি করেছে । অথবা তিনি বলেন আমার বান্দাহ তার সমস্ত বিষয় উপর ন্যস্ত করেছে ।

যখন বান্দাহ বলে:

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ

কেবলমাত্র তোমারই ইবাদত করি এবং একমাত্র তোমার কাছেই সাহায্য চাই ।

তখন আল্লাহ বলেন:

قَالَ هَذَا بَيْنِي وَبَيْنَ عَبْدِي وَلِعَبْدِمَا سَأَلَ

এটা আমার ও আমার বান্দাহর মধ্যে, যা আমার বান্দাহ চাইবে তা দেয়া হবে ।

যখন বান্দাহ বলে:

إِهْدِنَا الصِّرَاطَ الْمُسْتَقِيمَ
صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ
غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ

আমাদেরকে সোজা সঠিক পথে হেদায়াত করো।

তাদের পথে, যাদের তুমি অনুগ্রহ করেছো।

তাদের পথে নয়, যারা তোমার ক্রোধে পড়েছে। আর তাদের পথেও নয় যারা পথভ্রষ্ট হয়েছে।

তখন আল্লাহ বলেন,

قَالَ اللَّهُ هَذَا الْعَبْدِي وَلِعَبْدِي مَا سَأَلَ

এটা আমার বান্দাহর জন্য। সে যা চাইবে তা দেওয়া হবে। (মুসলিম শরীফ)

সূরা ফাতিহা মূলত: একটি দোয়া।

আল্লাহর কাছে চাওয়া হয়েছে। তিনি বলছেন, এই নাও কুরআন তোমার হেদায়াতের জন্য দেয়া হোল।

কুরআন পড়া বুঝা, হৃদয়ঙ্গম করা প্রতি মুসলমানের উচিত এবং সে মোতাবেক আমল করা কর্তব্য।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ